গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd



তারিখ : ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

# শোক বার্তা

বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সাবেক চেয়ারম্যান জনাব এস. এম. আল-হোসায়নী বার্ধক্যজনিত নানা জটিলতায় ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনে চিকিৎসাধীন অবস্থায় গত ২৮.০৫.২০২৫ খ্রি. তারিখ, বুধবার সকাল ১১:০৪ মিনিটে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহী ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৩ বছর। ০১ জুন ১৯৮৬ সাল থেকে ০১ মে ১৯৯১ সাল পর্যন্ত তিনি পিএসসি'র চেয়ারম্যান ছিলেন। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রাতিষ্ঠানিক উন্নয়নে তাঁর অবদান অনস্বীকার্য। পিএসসি'কে একটি অনুকরণীয় প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে অবিস্মরণীয় ভূমিকা রেখেছেন। এ ছাড়া সিভিল সার্ভিসের সাবেক এই কর্মকর্তা দেশ ও জাতির কল্যাণে নিরলসভাবে কাজ করে গেছেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং কমিশন সচিবালয়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ গভীরভাবে শোকাহত। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং কমিশন সচিবালয়ের পক্ষ থেকে তাঁর আত্মার মাগফেরাত কামনা করছি।

একই সাথে শোকাহত পরিবারের সকলের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

(ড. মোবাশ্বের মোনেম)
মাননীয় চেয়ারম্যান
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন